**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 09-05-24** **Desk in Charge :**

**Time : 7-35 A M** **Compiling:**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হচ্ছে। # বাকি দফার জন্য প্রচারাভিযান তুঙ্গে।

২/ এক মহিলা কর্মীর শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে রাজভবন সংশ্লিষ্ট ঘটনার ভিডিও ফুটেজ জনসমক্ষে আনতে চলেছে।

৩/ CBI, পশ্চিমবঙ্গে মামলা রুজু করতে পারবে কিনা, তা' নিয়ে শীর্ষ আদালত রায়দান স্থগিত রেখেছে।

৪/ অন্য জায়গায় ভর্তির সুবিধায় পরীক্ষার্থীদের খাতা দ্রুত স্ক্রুটিনি ও রিভিউয়ের জন্য উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এই প্রথম তৎকাল সার্ভিস চালু করেছে।

৫/ ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে রাজ্যে আগামী রবিবার পর্যন্ত ঝড়-বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হচ্ছে। এই পর্বে পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক ও ঘাটালে ভোট নেওয়া হবে ২৫শে মে।

অন্যদিকে, রাজ্যে পঞ্চম দফা লোকসভা নির্বাচনে ৮৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। গত সোমবার মনোনয়নপত্র প্রত্যাহারের সময়সীমা শেষ হয়। এই দফায় বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ– এই সাত আসনে আগামী বিশে মে ভোট গ্রহণ।

নির্বাচন কমিশন গতকাল এক বিবৃতিতে জানিয়েছে, তৃতীয় দফায় রাজ্যে গড়ে ভোট পড়েছে ৭৭ দশমিক ৫/৩ শতাংশ। এখনও পর্যন্ত মুর্শিদাবাদ থেকেই সর্বাধিক ৮১ দশমিক ৫/২ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে। যদিও তা চূড়ান্ত নয়।

রাজ্যে তিন দফায় ভোট গ্রহণ পর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় নির্বাচন কমিশন সন্তোষ প্রকাশ করেছে।

**************************

লোকসভা নির্বাচনের বাকি দফার জন্য প্রচারাভিযান তুঙ্গে। তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল হুগলীতে দু'টি জনসভা করেন। আরামবাগে দলীয় প্রার্থীর সমর্থনে আয়োজিত সভায় তিনি জানান, SSC নিয়োগ নিয়ে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে, তাতে তিনি স্বস্তি বোধ করছেন।

(বাইট- মমতা SSC )

দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ভরমপুরে দলিয় প্রার্থীর সমর্থনে রোড শো করেন। অন্যদিকে CPIM-কংগ্রেস জোট প্রার্থী এস এম সাদির সমর্থনে পদযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। পরে সাংবাদিকদের সামনে শিক্ষক নিয়োগ দুর্ণিতি নিয়ে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কড়া সমালোচনা করেন তিনি।

(বাইট- সেলিম SSC )

এদিকে, বাঁকুড়ার সিমলাপালের হেত্যাগোড়ায় রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাইপুর যাওয়ার পথে তৃণমূল কংগ্রেস কর্মী-সমর্থকরা স্লোগান দিলে, পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। গাড়ি থেকে নেমে পড়েন তিনি। পুলিশের ভূমিকাকেও শ্রী অধিকারী কটাক্ষ করেছেন।

**************************

বর্ধমানের বারহাটায় গতরাতে বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষের রোডশোতে পুলিশ বাধা দিলে উত্তেজনা ছড়ায়। পুলিশের সঙ্গে বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে প্রথমে বচসা ও পরে ধস্তাধস্তি বাধে। দিলীপ ঘোষের অভিযোগ, পদযাত্রার জন্য অনুমতি চাওয়া হলেও তা মেলেনি। কেন পদযাত্রা করা যাবে না সে ব্যাপারে কোনো সদুত্তর দিতে পারেনি পুলিশ। এরপরই তিনি দলীয় পতাকা, প্রতীক ছাড়া জন সংযোগে বের হন। পরবর্তী সময়ে অনুমতি না দেওয়া হলে এভাবেই তিনি প্রচার কর্মসূচীতে অংশ নেবেন বলে দিলীপবাবু জানিয়েছেন।

**************************

প্রধানমন্ত্রীর ঘোষণা মতো SSC নিয়োগ দুর্নীতিতে যোগ্য চাকরি প্রাপকদের আইনী সহায়তা দেওয়ার জন্য বিজেপি গতকাল এক বিশেষ পোর্টাল চালু করেছে। দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বর্ধমানে এক সাংবাদিক সম্মেলনে বলেন, প্রধানমন্ত্রী বর্ধমান থেকে এই ঘোষণা করায় পোর্টালটি সেখান থেকেই চালু করা হলো। সেখানে লগ-ইন করে নাম রেজিস্ট্রেশন করাতে হবে। প্রয়োজনীয় তথ্য জমা দিলে বিজেপি-র তরফ থেকে তাঁদের আইনী সহায়তা দেওয়া হবে বলে জানান শমীকবাবু।

( বাইট- শমীক )

*************************

এক মহিলা কর্মীর শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে রাজভবন সংশ্লিষ্ট ঘটনার ভিডিও ফুটেজ জনসমক্ষে আনতে চলেছে। আজ সকাল ১১'টায় ১০০ জনের সামনে ওই ভিডিও ফুটেজ প্রকাশ্যে আনা হবে বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস জানিয়েছেন।

রাজভবনের তরফে গতকাল জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে, পুলিশকে ওই ঘটনার সিসিটিভি ফুটেজ রাজভবন দিচ্ছে না বলে উদ্দেশ্যপ্রণোদিত অভিযোগ করা হচ্ছে। যার জবাবে রাজ্যপাল সেদিনের ভিডিও ফুটেজ জনসমক্ষে আনার সিদ্ধান্ত নিয়েছেন।

যে কোন সাধারণ নাগরিক ই-মেইল মারফত রাজভবনের কাছে ওই ঘটনার ফুটেজ চাইতে পারবেন।

*************************

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-CBI, পশ্চিমবঙ্গে মামলা রুজু করতে পারবে কিনা, তা' নিয়ে সুপ্রিম কোর্টে দীর্ঘ শুনানি শেষ হয়েছে। তবে এব্যাপারে শীর্ষ আদালত রায়দান স্থগিত রেখেছে।

উল্লেখ্য, CBI-কে রাজ্যে অবাধে তদন্ত করার অনুমতি ২০১৮ সালের নভেম্বরে পশ্চিমবঙ্গ সরকার প্রত্যাহার করে নেয়। 'জেনারেল কনসেন্ট' না থাকা সত্ত্বেও একের পর এক মামলা রুজু করে তদন্ত চালাচ্ছে CBI । এর প্রেক্ষিতে কেন্দ্রের তরফে সলিসিটার জেনারেল তুষার মেহেতা মামলার আইনি বৈধতা নিয়ে প্রশ্ন তোলেন। এব্যাপারে ২০২১ সালে সুপ্রিম কোর্টে মামলা করে রাজ্য।

কিন্তু দীর্ঘদিন সেই মামলা অমীমাংসিত হয়ে পড়ে ছিল। গতকাল বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চে শুনানির পর রায়দান স্থগিত রাখা হয়।

**************************

অন্য জায়গায় ভর্তির সুবিধায় পরীক্ষার্থীদের খাতা দ্রুত স্ক্রুটিনি ও রিভিউয়ের জন্য উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এই প্রথম তৎকাল সার্ভিস চালু করেছে। চলতি বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য যারা রিভিউ বা স্ক্রুটিনি চান আগামী শুক্রবার থেকে সোমবার রাত ১২'টা পর্যন্ত আবেদন জানানো যাবে। তবে এক্ষেত্রে নির্দিষ্ট ফিজ এর তুলনায় বেশি ফিজ দিতে হবে। সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য গতকাল উচ্চমাধ্যমিকের ফল প্রকাশ করে একথা জানান।

(বাইট- চিরঞ্জীব)

উল্লেখ্য, রাজ্যে এবছর উচ্চ-মাধ্যমিকে পাসের হার ৯০ শতাংশ।

**************************

গ্রীষ্ম বা পুজোর ছুটিতেও এবার একাদশ- দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদের পঠন পাঠন চলবে। ছুটির সময় অনলাইনে ছাত্র-ছাত্রীদের পড়াতে হবে বলে রাজ্যের উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ নির্দেশিকা জারি করেছে। তবে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক স্তরের ক্ষেত্রেই এই ক্লাস চলবে। ইতিমধ্যেই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে রাজ্যের সমস্ত উচ্চ মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষকদের একাদশ এবং দ্বাদশ শ্রেণির বার্ষিক কর্মসূচির সবিস্তার তালিকা পাঠানো হয়ে গিয়েছে। সেখানে 'টিচিং লার্নিং-এর' উপর বেশি জোর দেওয়া হয়েছে। তাই স্কুলে ছুটি চলা কালীন একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের অনলাইন ক্লাস নিতে হবে বলে স্পষ্ট উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানিয়েছেন, মাধ্যমিকের তুলনায় উচ্চ মাধ্যমিকের পাঠক্রমে বিষয় সংখ্যা অনেক বেশি। সেমেস্টার পদ্ধতিতে প্রথম পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসে। সময়ের মধ্যে সিলেবাস শেষ না হলে ছাত্রছাত্রীরা পরীক্ষা প্রস্তুতিতে অসুবিধা হবে। তাদের সুবিধার কথা ভেবেই অনলাইন ক্লাসের চিন্তাভাবনা করা হয়েছে।

**************************

রাজ্য পণ্য পরিষেবা কর বা SGST আদায়ের নতুন রেকর্ড তৈরি হয়েছে। এপ্রিল মাসে রাজ্যে থেকে SGST আদায় হয়েছে ৪ হাজার ৪৩৪ কোটি টাকা। যা গত বছরের এপ্রিলের তুলনায় ১৪ শতাংশ বেশি। ২০২৩-এর এপ্রিলে SGST আদায়ের পরিমাণ ছিল ৩ হাজার ৯০০ কোটি টাকা। রাজ্যের অর্থ দফতর সূত্রে এখবর জানা গেছে। SGST ও CGST মিলিয়ে গত এপ্রিলে রাজ্যে মোট ৭ হাজার ২৯৩ কোটি পণ্য পরিষেবা কর আদায় হয়েছে। যা গত বছরের এই সময়ের তুলনায় ১৩ শতাংশ বেশি। ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্যে মোট GST আদায় ৩০০০ কোটি টাকা বেড়েছে।

**************************

হাওড়ার ডোমজুর থানার বাঁকড়া তিন নম্বর গ্রাম পঞ্চায়েতে গুলি চালনায় ঘটনার মূল অভিযুক্ত শেখ সাজিদ এবং তার সহযোগী সঞ্জয় সিং সহ ৩ জনকে গ্রেপ্তার করেছে হাওড়া পুলিশ। গত দোসরা মে দুপুরে পঞ্চায়েতের কার্যালয়ে ঢুকে তিন দুষ্কৃতী গুলি চালায়। দুজন গুলিবিদ্ধ হন। হাওড়া ও রাজ্যের বাইরে কয়েকটি জায়গায় হানা দিয়ে শেখ সাজিদদের গ্রেপ্তার করা হয়। উদ্ধার হয়েছে একটি গুলি ভর্তি দেশী ওয়ান শটার, তিন রাউন্ড ০.৭ এম এম কার্তুজ।

**************************

বাংলাদেশ ও সংলগ্ন এলাকার ওপর সমুদ্রপৃষ্ঠে খুব কাছে ঘূর্ণাবর্তের উপস্থিতি এবং দক্ষিণ-পূর্ব রাজস্থান থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা ফলে আগামী রবিবার পর্যন্ত রাজ্যে ঝড়-বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আগামীকাল দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে প্রতি ঘণ্টায় ঝোড়ো হাওয়া বয়ে যাবে। পরবর্তী দু-দিনও জারি থাকছে হলুদ সতর্কতা।

অন্যদিকে, উত্তরবঙ্গের ক্ষেত্রেও একই পূর্বাভাস দেওয়া হয়েছে।

এদিকে, আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশোমিক ২ ডিগ্রী সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক।

আকাশে মেঘের সঞ্চার হওয়ায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রী নীচে।

**********************************************************